
দৈনিক খবর 109

তারিখ 06 DEC 1988
পৃষ্ঠা 6 কলাম 2



পটুয়াখালী।– জরাজীর্ণ চালিতাবুনিয়া ইসলামিয়া সিনিয়র ফাজিল ডিগ্রী মাদ্রাসা ভবন
–খবর

# মাদ্রাসা ভবনটির আশু সংস্কার প্রয়োজন

পটুয়াখালী, ৫ই ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা)।– বড় বাইশদিয়া ইউনিয়নের চালিতাবুনিয়া ইসলামিয়া সিনিয়ার ফাজিল ডিগ্রী মাদ্রাসা ভবনটি সংস্কার না করায় ছাত্র-ছাত্রীদের লেখাপড়া প্রায় বন্ধ হবার উপক্রম হয়েছে। যে কোন সময় এটি ধসে পড়ে বড় ধরনের যে কোন দুর্ঘটনা ঘটার আশংকা রয়েছে।

গলাচিপা উপজেলার বড় বাইশদিয়া ইউনিয়নের চালিতাবুনিয়ায় বিগত ১৯৪১ সালে ইসলামিয়া সিনিয়ার ফাজিল ডিগ্রী মাদ্রাসাটি স্থাপিত হয়। এবং ১৯৬৫ সালের দিকে মাদ্রাসাটি দোতালা দালান করে নানা প্রতিকূলতার মধ্যে এর শিক্ষা ব্যাবস্থা চালু থাকে। মাঝে মধ্যে সামান্যতম সরকারী সাহায্য পাওয়া গেলেও তা মাদ্রাসা সংস্কারের কাজে লাগানো সম্ভব হয়নি। ভবনটি নির্মাণের পর থেকে বেশ কয়েকটি ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস ও ভূ-কম্পন-এর উপর দিয়ে চলে গেছে। এখন ইটের গাঁথুনি থেকে প্লাষ্টার ও রড বের হয়ে কংকালের মত দালানটি দাঁড়িয়ে আছে,

বর্তমানে এ ডিগ্রী মাদ্রাসায় ছাত্র সংখ্যা চার শত। বাইশ জন শিক্ষক, দু'জন কেরানী ও চার জন পিয়ন দিয়ে মাদ্রাসার কাজ কর্ম চলছে। কয়েক মাস আগে উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের কাছে লেখালেখি করলেও তাদের কাছ থেকে এ ব্যাপারে কোন সাড়া পাওয়া যায়নি।

অবিলম্বে মাদ্রাসা ভবনটি সংস্কার না করলে যে কোন সময় তা ধসে পড়ে জানমালের ক্ষতি হতে পারে বলে মাদ্রাসার শিক্ষকগণ আশংকা প্রকাশ করেছেন।

## শোকসভা

কুড়িগ্রাম টেনিস ক্লাব ও ষ্টেশন ক্লাবের অন্যতম সদস্য ও কুড়িগ্রামের এডিসি ( রাজস্ব) জনাব শহিদুল ইসলামের অকাল মৃত্যুতে ষ্টেশন ক্লাব ময়দানে এক শোকসভা অনুষ্ঠিত হয়।

শোকসভায় সভাপতিত্ব করেন ক্লাবের সহ-সভাপতি এডভোকেট আমান উল্লাহ।